দৈনিক বাংলা

তারিখ ... 17 MAR 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৬ ...

29

সাত লাখ পরীক্ষার্থী

# বৃহস্পতিবার চার বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আগামী ২০ এপ্রিল বৃহস্পতিবার থেকে দেশের চারটি শিক্ষাবোর্ডের ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। সারাদেশে ৪২০টির মতো কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬ লাখ ৯২ হাজার।

ঢাকা বোর্ড সূত্রে জানানো হয়েছে এবার এসএসসি পরীক্ষার খাতা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটারের মাধ্যমে দেখা হবে না। এবার বোর্ডের নিজস্ব কম্পিউটার দিয়ে পরীক্ষার খাতা দেখা হবে। ধানমন্ডির একটি স্কুলে এই কম্পিউটার কেন্দ্র স্থাপন করা হয়েছে। এদিকে কম্পিউটার কেন্দ্র পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য ৫০ জনেরও বেশী কম্পিউটার বিশেষজ্ঞ নিযুক্ত করা হয়েছে। গত মাসের শেষ দিকে কম্পিউটার বসানোর কাজ শেষ হয়েছে।

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বৃহস্পতিবার চারবোর্ডের

(প্রথম পৃষ্ঠার পর)

কম্পিউটারের দায়িত্বে নিযুক্তদের মধ্যে ২ জন সিস্টেম এনালাইসিস প্রোগ্রামার, দুইজন মেইনটেন্স ইঞ্জিনিয়ার ও ২৫ জন ডাটা এ্যান্ট্রি অপারেটর রয়েছেন।

গতবারের পরীক্ষার যে ভুল ত্রুটি হয়েছিল তা নিরসনের জন্য মূলতঃ এবার বোর্ড কর্তৃপক্ষ এই ব্যবস্থা গ্রহণ করেছেন। জানা গেছে, একই কম্পিউটারের মাধ্যমে চারটি বোর্ডের পরীক্ষার খাতা দেখা ও ফল প্রকাশ করা হবে।